

ফোনে কথা বলার আদব

মুহতারম মুফতী সাহেব ! আপনি জানেন, বর্তমানে প্রত্যেক ব্যক্তি মোবাইল ব্যবহার করে থাকে। কিন্তু বলা যায়, অধিকাংশ মানুষ ফোনে কথা বলার আদব-কায়দা জানে না। তাই দয়া করে এ সম্পর্কে একটু বিস্তারিত জানাবেন। জাযাকাল্লাহু খয়রান !

ইতি,

হাফিয় খালিদ সাইফুল্লাহ

ধামাখালি, উঃ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ

ফতওয়া নং ১

আল্লামা মুফতী শফী সাহেব (রহ) লিখেছেনঃ কোন ব্যক্তির কাছে অত্যাবশ্যক প্রয়োজন ছাড়া এমন সময় ফোন করা জাইয নেই, যেটা সাধারণত তার ঘুমের সময় কিংবা অন্য কোন জরুরী কাজে অথবা নামাযে ব্যস্ত হওয়ার সময়। কারণ, এতে তেমনি কষ্ট হয়, যেমন কোন ব্যক্তির ঘরে তার বিনা অনুমতিতে প্রবেশ করে তার স্বাধীনতায় ব্যাঘাত ঘটালে কষ্ট হয়।

তিনি আরও লিখেছেনঃ যার সাথে ফোনে বারবার কথা বলতে হয়, তার কাছে জেনে নেওয়া উচিত যে, আপনার সাথে কোন সময় কথা বললে সুবিধা হয়। এটা জেনে নিয়ে তার পাবন্দী করা দরকার।

যদি ফোনে দীর্ঘক্ষণ কথা বলার দরকার হয়, তাহলে জিজ্ঞেস করে নিতে হবে যে, এখন আপনার সময় একটু খালি থাকলে আমি কথা বলব। কারণ, সাধারণত ফোন বাজলে কে কী বলতে চাচ্ছে, মানুষ স্বাভাবিক ভাবে তা জানতে বাধ্য হয়। তাই নিরুপায় হয়ে সর্বাবস্থায় কোন জরুরী কাজে ব্যস্ত থাকলেও সেটা ছেড়ে মানুষ ফোন ধরে। যদি কোন নিষ্ঠুর ব্যক্তি তখন দীর্ঘক্ষণ যাবৎ কথা বলে, তাহলে অত্যন্ত কষ্ট হয়। (মাআরিফুল কুরআন ৬/৩৯৪ পৃষ্ঠা)

শরীয়তের নিয়ম হল, কথা বলার পূর্বে সালাম করা। তাই ফোনে কথা বলার সময় “আসসালামু আলাইকুম” বলে কথা শুরু করা উচিত। যদি কেউ Hello প্রভৃতি বলে কথা শুরু করে, তাহলে সুন্নতের খেলাপ হবে।

হাদীসঃ হযরত জাবির (রযি) হতে বর্ণিত যে, আল্লাহর রসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেনঃ কথা বলার পূর্বে সালাম দিতে হয়। (সুনানে তিরমিযী ২/৯৯ পৃষ্ঠা)

হ্যাঁ, যদি ফোন নম্বর ইত্যাদি দ্বারা অমুসলিম বলে বোঝা যায়, তাহলে তাকে সালাম করা জাইয নেই। কেননা, নবী সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেনঃ তোমরা ইয়াহুদী ও খ্রিস্টানদের সাথে সালাম দিয়ে কথা শুরু করবে না। (সহীহ মুসলিম ২/২১৪ পৃষ্ঠা, মিশকাত ৩৯৮ পৃষ্ঠা)

দুররে মুখতার ও ফাতাওয়া শামী ৫/২৯২ পৃষ্ঠায় লেখা আছে, কোন ব্যক্তির মুসলিম কিংবা অমুসলিম হওয়া কিছুই বোঝা না গেলে তাকেও সালাম করতে হবে।

ইতি,

মুফতী নাসীরুদ্দীন চাঁদপুরী

জামিয়া নু'মানিয়া

৮ শাবান ১৪৪৪ (০২/০৩/২৩)

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

